SET – 4

Series : SGN/C

Code No. **5**

Roll No. | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **8** ছাপা পৃষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16**টি প্রশ্ন আছে।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোন উত্তর লেখা চলবে না।
- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা
# BENGALI

*সময়: 3 ঘণ্টা* — *সর্বোমোট অঙ্ক: 85*

*Time allowed : 3 Hours* — *Maximum Marks : 85*

## SECTION – A (Reading)

1. নীচের গদ্যাংশটি পড়ে, বুঝে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

ভারতীয়দের প্রধান খাদ্য তণ্ডুলজাতীয় ফসল। যথা-চাউল, গম, যব, বজরা, রাগি, ভুট্টা ইত্যাদি। কিন্তু এসকল ফসল থেকে খাদ্য-উৎপাদন বিভিন্ন উপায়ে করা হয়। বিহার, বাঙলা, আসাম, ওড়িশা ও বঙ্গোপসাগরের উপকূলস্থ ভূভাগে অবস্থিত রাজ্যসমূহের প্রধান খাদ্য চাউল। চাউল সিদ্ধ করে খাওয়া হয়। তার মধ্যেও আবার প্রভেদ আছে। বিহার ও ওড়িশার কোনো কোনো আদিবাসী জাতির লোকেরা ভাতের ফ্যান ফেলে দেয় না। কিন্তু বাঙালি ফ্যান-গালা ভাত খায়। বাঙালিরা গরম ভাত খায়। ওড়িশায় জলে-ভেজানো পান্তা-ভাত খাওয়ার রীতি বেশি প্রচলিত।

চাউল থেকে মুড়ি, ধান্য থেকে খই ও চিঁড়া তৈরি করা হয়। তবে এগুলি প্রধান খাদ্য হিসাবে ব্যবহার করা হয় না।

উত্তর ভারতের প্রধান ফসল গম। গম চূর্ণ করে আটা তৈরি করা হয়। আটাকে জল দিয়ে মেখে, তা থেকে রুটি তৈরি করে সেঁকে খাওয়া হয়। সুতরাং অশনের দিক দিয়ে, প্রথমেই আমরা উত্তর ভারতের সঙ্গে প্রাচ্যভারতের এক বিরাট পার্থক্য লক্ষ্য করি। এক অঞ্চলের লোক সিদ্ধ খায়, আর অপর অঞ্চলের লোক সেঁকা খাদ্য খায়।

(a) কোন জাতীয় ফসল থেকে ভাত ও রুটি তৈরি হয় ?

(b) চাউল কোন কোন অঞ্চলের লোকেদের প্রধান খাদ্য ?

(c) বাঙালি ও ওড়িশার মানুষদের মধ্যে ভাত খাওয়ার রীতি প্রচলিত। পার্থক্য কী ?

(d) ভারতের কোন অঞ্চলের লোকেরা প্রধানত সেঁকা খাদ্য খায় ?

(e) গদ্যাংশটির শেষ অনুচ্ছেদে উল্লেখিত কোন শব্দটির অর্থ 'গুঁড়ো' ?

2. নীচের গদ্যাংশটি পড়ে, বুঝে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

পথের পাঁচালি উপন্যাসটি নিয়ে ফিল্ম তৈরি হচ্ছে শুনে আমরা খুব উৎসাহিত হয়েছিলুম। তখন থেকেই অধীর প্রতীক্ষা। পথের পাঁচালি যে আমাদের অতি প্রিয় বই। সত্যজিৎ রায় সম্পর্কেও আমরা উৎসাহিত ছিলুম খুব, দূর থেকে দেখেছি দু'একবার। দারুণ বীরপুরুষের মতন। অথচ লাজুক চেহারা। তখন সমস্ত ভালো ভালো গল্পের বইয়ের মলাট আর ভেতরের ছবি আঁকতের উনি। আর পথের পাঁচালি নিয়েই ছোটোদের জন্য একটা বই বেরিয়েছিল কিছুদিন আগে। তার নাম 'আম আঁটির ভেঁপু', সেই বইয়ের দারুণ দারুণ ছবি এঁকেছিলেন সত্যজিৎ রায়।

একদিন দক্ষিণ কলকাতা থেকে বাসে চেপে ফিরছি, হঠাৎ দেখি এলগিন রোডের কাছাকাছি একটা দেওয়ালে পথের পাঁচালির বিরাট বিজ্ঞাপন। দেখেই বুকটা ধক্ করে উঠেছিল। এরকম বিজ্ঞাপন আমরা আগে কোনো বাংলা সিনেমায় দেখিনি। একখানা কালো মেঘ তাড়া করে আসছে দুটি ছেলেমেয়েকে। অপু আর দুর্গা। সত্যি কথা বলতে কি, সে রকম ভালো বিজ্ঞাপন আজ পর্যন্ত অন্য কোনো সিনেমায় দেখিনি, এমন কি সত্যজিৎ রায়েরও অন্য কোনো সিনেমায় নয়।

(a) পথের পাঁচালি সিনেমাটা দেখার জন্য লেখকরা খুব উৎসাহিত হয়েছিলেন কেন ?

(b) লেখক সত্যজিৎ রায়কে কখন দেখেছিলেন ? পথের পাঁচালি সিনেমা দেখার আগে না পরে ?

(c) সত্যজিৎ রায়ের চেহারায় লেখক কোন দু'টি বিপরীত বৈশিষ্ট্য লক্ষ্য করেছেন ?

(d) সিনেমা এবং বিজ্ঞাপন ছাড়াও লেখক আর কোন বিষয়ে সত্যজিৎ রায়ের কৃতিত্বের উল্লেখ করেছেন ?

(e) 'বীরপুরুষ' – এর বিপরীতার্থক শব্দ লেখো।

## SECTION – B (GRAMMAR)

3. ধ্বনি-পরিবর্তনের যে-কোনো **একটি রীতির** সংক্ষিপ্ত পরিচয় দাও এবং সেই রীতির **দু'টি উদাহরণ** উল্লেখ করো। **3 + 2 = 5**

(a) স্বরভক্তি (b) স্বরসংগতি (c) অপিনিহিতি

4. নিম্নলিখিত যে-কোনো একটি **অলঙ্কারের** সংজ্ঞা এবং উদাহরণ লেখো : **3 + 2 = 5**

(a) অনুপ্রাস (b) যমক (c) উপমা

**অথবা**

**অলঙ্কার নির্দেশ** করো এবং **ওই অলংকার হওয়ার কারণ** বুঝিয়ে দাও। যে-কোনো একটি।

(a) ভারত ভারত খ্যাত আপনার গুণে।

(b) জাগো জাগো কারার বন্দিরা,
ওই শোনো বেজে ওঠে কালের মন্দিরা।

(c) বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ।

(d) এও যে রক্তের মতো রাঙা
দুটি জবা ফুল।

(e) কে বলে ঈশ্বর গুপ্ত, ব্যাপ্ত চরাচর।

5. অর্থ উল্লেখ সহ বাগ্‌ধারা / প্রবাদগুলি প্রয়োগ করে **বাক্য রচনা করো**। যে-কোনো চারটি। **2 × 4 = 8**

ওজন বুঝে চলা; আক্কেল সেলামি; আঙুল ফুলে কলাগাছ; কানে তুলো দেওয়া; মামার বাড়ির আবদার ; দু'নৌকায় পা; আকাশ থেকে পড়া; মাটির মানুষ

## SECTION – C (Composition & Writing)

6. নীচের সংবাদ-প্রতিবেদনটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **2 × 3 = 6**

অমৃতসর; ৩ নভেম্বর : জীবনে এই প্রথম মাতৃভূমির মাটিতে পা রাখল ১১ বছরের হিনা। এক ভারতীয় স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে মা ও মাসির সঙ্গে ভারতের জেল থেকে মুক্তি পেয়ে নিজের দেশ পাকিস্তানে পৌঁছোতে পারল কিশোরী হিনা। অমৃতসরের সেন্ট্রাল সিকিউরিটি জেলেই জন্ম হয়েছিল তার।

২০০৬ এর ৮ চোরাচালানের দায়ে গ্রেপ্তার হন হিনার মা ফতিমা, মাসি মুমতাজ এবং দিদিমা রশিদা। মা ফতিমা তখন গর্ভবতী। ধৃত এই তিন জনের প্রত্যেককে ১০ বছরের জেল এবং ২ লক্ষ টাকা করে জরিমানা করা হয়। জরিমানার টাকা অনাদায়ে আরো ২ বছর করে কারাদণ্ড। ২০০৮ এ মৃত্যু হয় রশিদার। এর পর ১০ বছর কারাদণ্ডের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলেও জরিমানার টাকা দিতে না পারায় জেলেই ছিলেন ফতিমা, মুমতাজ ও হিনা। হিউম্যানিটি ক্লাব নামের এনজিও এগিয়ে এসে তাঁদের জরিমানার টাকা দিয়ে দেওয়ায় অবশেষে ২ নভেম্বর, বৃহস্পতিবার মুক্তি পেলেন তাঁরা।

মেয়েকে প্রথমবার দেখে আনন্দে আত্মহারা হয়ে যান সইফুল রহমান। টাকার অভাবেই তাঁদের ছাড়িয়ে আনতে পারেননি বলে জানিয়েছেন তিনি। ভারতের এই উদ্যোগে ধন্যবাদ জানিয়েছেন সইফুল।

(a) প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

(b) প্রতিবেদনটিতে হিনার জন্ম কোথায় হয়েছিল বলা হয়েছে ?

(c) প্রতিবেদনটির কেন্দ্রীয় বিষয় দু'টি বাক্যের মধ্যে প্রকাশ করো।

7. তুমি দিল্লিতে থাকো। তোমার ছোটোবেলার বন্ধু রাসেল (অথবা বান্ধবী রাশি) কলকাতায় থাকে। তোমরা দু'জনেই এবার বোর্ডের পরীক্ষা দেবে। পরীক্ষা শেষ হলে একসঙ্গে ছুটি কাটানোর লোভনীয় পরিকল্পনার কথা জানিয়ে সেই বন্ধু বা বান্ধবীকে দিল্লিতে আসার জন্য একটি চিঠি লেখো। **3 + 3 = 6**

অথবা

তুমি কলকাতায় থাক। তোমার বাবা অফিসের কাজে এক মাসের জন্য বাইরে আছেন। এদিকে তোমার বোর্ডের পরীক্ষা আজ শেষ হল। প্রতিটি বিষয়ের পরীক্ষাই তুমি খুব ভালো দিয়েছো। জানিয়ে বাবাকে নিশ্চিন্ত করার জন্য একটি চিঠি লেখো।

## SECTION – D (Literature)

8. "এ পিশাচের বাড়ি কেমন তা ঝাননি দাদা। গরিবের গতর এরা শস্তা দেকে।" **1 + 1 + 3 = 5**

(a) উক্তিটি কার লেখা, কোন গল্পের অন্তর্গত ?

(b) কথাটি কে, কাকে বলেছে ?

(c) বাড়িটিকে 'পিশাচের বাড়ি' বলা হয়েছে কেন ?

অথবা

"বুড়ি, তুমি হিন্দু না মুসলমান ?"

(a) উক্তিটি কার লেখা, কোন গল্পের অন্তর্গত ?

(b) প্রশ্নটি কে বা কারা কাকে করেছে ?

(c) এই প্রশ্নের উত্তর কী ছিল ? সেই উত্তরের গভীর অর্থ কী ?

9. ঠিক উত্তরটি বেছে লেখো : (MCQ) (যে-কোনো পাঁচটি)। **1 × 5 = 5**

(a) নিখিল চায়, যারা ফুটপাথে না খেতে পেয়ে মরছে, বাঁচার জন্য তারা -

(i) প্যানপ্যান করুক

(ii) স্বার্থপর হোক

(iii) ভিক্ষা পাক

(b) "ভূরিভোজটা অন্যায়, কিন্তু না খেয়ে মরাটা উচিত নয় ভাই।" – কে বলেছে ?

(i) নিখিল

(ii) মৃত্যুঞ্জয়

(iii) টুনুর মা

(c) বাসিনী উচ্ছবকে লুকিয়ে ঠোঙায় ভরে কী খেতে দিয়েছিল ?

(i) চাল

(ii) মুড়ি

(iii) ছাতু

(d) উচ্ছবকে কীসের অপরাধে থানায় নিয়ে যাওয়া হয়েছিল ?

(i) ভাত চুরির অপরাধে

(ii) কাঠ চুরির অপরাধে

(iii) ডেকচি চুরির অপরাধে

(e) চায়ের দোকানে আড্ডা দিতে দিতে চাষাভুষো মানুষগুলো কীসের অপেক্ষা করছিল ?

(i) ঝলমলে রোদের

(ii) আল্লা ভগবানের

(iii) বৃষ্টির সঙ্গে বাতাসের

(f) শীতকালে বৃষ্টি হলে রাঢ়বাংলার ভদ্রলোকেরা বলে -

(i) ফাঁপি

(ii) ডাওর

(iii) পউষে বাদলা

(g) 'ভারতবর্ষ' গল্পে লেখক চেয়েছেন

(i) ধর্ম নিয়ে লড়াই বাঁধাতে

(ii) ভারতবর্ষের মহত্ত্ব বোঝাতে

(iii) বয়স্ক মানুষদের কর্মক্ষমতা প্রমাণ করতে

(h) 'ভাত' গল্পটির লেখক কে ?

(i) মহাশ্বেতা দেবী

(ii) মানিক বন্দ্যোপাধ্যায়

(iii) সৈয়দ মুস্তাফা সিরাজ

10. সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো। **5**

'নিহত ভাইয়ের শবদেহ দেখে
না-ই যদি হয় ক্রোধ
কেন ভালোবাসা, ....... !'

**অথবা**

'বহুদিন জঙ্গলে কাটেনি দিন
বহুদিন জঙ্গলে যাইনি
বহুদিন শহরেই আছি'

11. 'কঠিনেরে ভালোবাসিলাম,' – **1 + 1 + 3 = 5**

(a) কার লেখা, কোন্ কবিতার অংশ ?

(b) কবি কাকে 'কঠিন' বলে চিহ্নিত করেছেন ?

(c) তাকে 'কঠিন' বলার কারণ কী ? কঠিন জেনেও কবি তাকে ভালোবাসতে চান কেন ?

**অথবা**

'গাছগুলো তুলে আনো, বাগানে বসাও'

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) গাছগুলো কোথা থেকে তুলে আনার কথা বলছেন কবি ?

(c) অন্য জায়গা থেকে গাছ তুলে কবি বাগানে বসাতে চাইছেন কেন ?

12. “প্রতিভা যার আছে, বয়েসে তার কী আসে যায় ।” – **2 + 3 = 5**

(a) কে, কাকে এই উক্তি শুনিয়েছে ?

(b) বক্তা কখন এই উক্তিটি করেন ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও ।

অথবা

“অভিনেতা মানে একটা চাকর – একটা জোকার, একটা ক্লাউন ।”

(a) কে, কার কাছে এই মন্তব্য করেছে ?

(b) এই উক্তির মধ্য দিয়ে বক্তার মনের কোন ভাব প্রকাশ পেয়েছে ?

13. সঠিক উত্তরটি বেছে লেখো : (MCQ) (যে কোন **পাঁচটি**) **1 × 5 = 5**

(a) রজনীকান্ত চট্টোপাধ্যায়ের থিয়েটার জীবন কতদিনের ?

(i) আটষট্টি বছরের

(ii) পঁচিশ বছরের

(iii) পঁয়তাল্লিশ বছরের

(b) রজনীকান্ত নাট্যাভিনয়কে কী মনে করতেন ?

(i) শিল্প

(ii) ভাঁড়ামি

(iii) অর্থ উপার্জনের উপায়

(c) রজনীকান্তের ধারণা, পাবলিক আসলে অভিনয়কে ________

(i) ভাঁড়ামি মনে করে

(ii) পবিত্র শিল্প মনে করে

(iii) সম্মানজনক কাজ মনে করে

(d) ভালোবাসার মেয়েটি রজনীকান্তকে কোন চরিত্রে অভিনয় করতে দেখেছিল ?

(i) দিলদারের

(ii) ঔরঙ্গজীবের

(iii) আলমগিরের

(e) “পুত্র ! রাজনীতি বড়ো কূট ।” – এখানে পুত্র কে ?

(i) মহম্মদ

(ii) ঔরঙ্গজীব

(iii) শাহ্‌নাওয়াজ

(f) আজকের শো-তে রজনীকান্ত ক'টা ক্ল্যাপ পেয়েছিলেন ?

(i) দুটো

(ii) পাঁচটা

(iii) সাতটা

(g) ‘নানা রঙের দিন’ নাটকে প্রকাশ পেয়েছে একজন শিল্পীর ________

(i) মনের একাকিত্ব

(ii) মনের হিংসা

(iii) মনের অসুস্থতা

(h) কালীনাথের পোশাক-আশাক দেখে এবং রাতে গ্রিনরুমে ঘুমোনোর কারণ শুনে তার আর্থিক অবস্থা কেমন বলে মনে হয় ?

(i) খুব ভালো না, খুব খারাপও না

(ii) মোটামুটি ভালো

(iii) খুব খারাপ

14. 'দশ-দশ বছরে এক-একজন মহামানব **2 + 3 = 5**

খরচ মেটাত কে ?'

(a) মূল কবিতাটির কবি কে ? কবিতাটির বাংলা অনুবাদক কে ?

(b) 'মহামানব' কারা ? কারা, কীভাবে 'মহামানব' দের খরচ মেটাত ?

**অথবা**

'কত সব খবর !

কত সব প্রশ্ন !'

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) কয়েকটি খবর ও কয়েকটি প্রশ্নের উল্লেখ করো। প্রশ্নগুলি জরুরি কেন জানাও।

15. 'বাংলাদেশে থাকলেও ওদের আমরা আপন করে নিইনি – তাই ওরাও আমাদের পর-পর ভাবে।' **1 + 4 = 5**

(a) 'আমার বাংলা' গ্রন্থের অন্তর্গত কোন রচনায় লেখক এই মন্তব্য করেছেন ?

(b) 'ওরা' কারা ? ওরা আমাদের পর-পর ভাবে কেন, কাহিনি অবলম্বনে বোঝাও।

**অথবা**

'রাস্তায় রাস্তায় আগুনের অক্ষরে ইতিহাস লেখে, আবার নিজেই মুছে দেয়।'

(a) 'আমার বাংলা' গ্রন্থের অন্তর্গত কোন রচনায় লেখক এই মন্তব্য করেছেন ?

(b) কোন জায়গা সম্পর্কে এই মন্তব্য করা হয়েছে ? মন্তব্যটি যে-কোনো একটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

16. ঠিক উত্তরটি বেছে লেখো: (MCQ) (যে কোনো **পাঁচটি**) : **1 × 5 = 5**

(a) গারো পাহাড়ের অধিবাসীরা কোন মাসে চাষের কাজ শুরু করে ?

(i) শ্রাবণ মাসে

(ii) আশ্বিন মাসে

(iii) চৈত্র মাসে

(b) এত ফসল, এত প্রাচুর্য থাকা সত্ত্বেও গারো পাহাড়ের মানুষগুলোর জীবনে অশান্তি ডেকে আনে কারা ?

(i) জমিদার ও তার পাইক-বরকন্দাজরা

(ii) খগ মোড়ল ও আমুতো মোড়ল

(iii) আমুতো মোড়লের বংশধররা

(c) ‘হাতিবেগার’ আর চলল না কেন ?

(i) খিটখিটে বুড়িদের শাপমুন্নির ভয়ে

(ii) প্রজাদের বিদ্রোহের ভয়ে

(iii) বাঙালদের ভয়ে

(d) কুটিশ্বর সাহা কে ?

(i) একজন তালুকদার

(ii) একজন জমিদার

(iii) একজন মহাজন

(e) ‘ডিক্টেটর’ নামে পরিচিত ব্যক্তিটিকে লেখক কোথায় দেখেছিলেন ?

(i) ‘কলের কলকাতা’য়

(ii) ‘গারো পাহাড়ের নীচে’

(iii) ‘মেঘের গায়ে জেলখানা’য়

(f) কলকাতা শহরকে “কলের কলকাতা” বলে চিহ্নিত করেছে কে ?

(i) লেখক নিজে

(ii) মোনা ঠাকুর

(iii) রামদুলালবাবু

(g) বক্সা-র জেলখানাটি মূলত কাদের আটকে রাখার জন্য তৈরি করা হয়েছিল ?

(i) পরাধীন দেশকে যারা স্বাধীন করতে চায়

(ii) পেটের দায়ে যারা চুরি-ডাকাতি-খুন-খারাবি করে

(iii) অর্থের লোভে যারা ব্যাঙ্ক চুরি করে, খাবারে বিষ মেশায়

(h) ‘মেঘের গায়ে জেলখানা’র ছোট্ট ছোট্ট নির্জন কুঠুরিগুলোকে কী বলা হয় ?

(i) কেসটবিল

(ii) গোয়ালঘর

(iii) ডিগ্রি